# বিশেষ অনুশীলন-২০২০

**শ্রেণি : অষ্টম**

**বিষয় : বাংলা**

সময় : ১ ঘণ্টা ১৫ মিনিট　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৫০

**বহুনির্বাচনি প্রশ্ন :**　　　　　　　　　　　　　　　　　　**১ × ৩০ = ৩০**

১। 'পড়ে পাওয়া' গল্পে বালকদের দলের মধ্যে বয়সে বড় ছিল কে?

ক. তিনু　খ. বাদল　গ. বিধু　ঘ. কথক

২। 'বাক্স আমরা কুড়িয়ে পাইনি'- কথাটি বিধু কাকে বলেছে?

ক. কালো মতো রোগা লোকটিকে　খ. গ্রামের ভাদুই কুমোরকে

গ. অম্বরপুরের কাপালিককে　ঘ. বিধুর কাছে আসা লোকটিকে

৩। বিভূতিভূষণের বাল্য ও কৈশোর কেটেছে

ক. প্রাচুর্যে　খ. অবহেলায়　গ. আভিজাত্যে　ঘ. দারিদ্র্যে

৪। কাদের মাঠের বাগানের আম বেশ বিখ্যাত?

ক. কাপালিদের　খ. বোষ্টমদের　গ. মুখার্জীদের　ঘ. বাড়ুয্যেদের

৫। 'ভাব ও কাজ' প্রবন্ধ অনুসারে কারো কারো মতে, কোথায় ঘা দেয়া পাপ?

ক. মানুষের কোমল অনুভূতিতে　খ. মানুষের কঠোর অনুভূতিতে

গ. মানুষের বাহ্যিক মুখোশে　ঘ. মানুষের ভেতরের মুখোশে

৬। লেখক কোথায় চুরি করতে নিষেধ করেছেন?

ক. কর্মের ঘরে　খ. জ্ঞানের ঘরে　গ. ভাবের ঘরে　ঘ. চিন্তার ঘরে

৭। 'ভাব ও কাজ' প্রবন্ধের মূলকথা কী?

(ক) ভাবের স্রোতে গা ভাসিয়ে দেয়া

(খ) ভাবে উদ্বেল হওয়ার পাশাপাশি কর্মে নিয়োজিত হওয়া

(গ) বাস্তব উদ্যোগ গ্রহণ করা থেকে বিরত থাকা

(ঘ) পরিকল্পিত কর্মশক্তি সম্পর্কে সচেতন পদক্ষেপ নেয়া

৮। সাধারণের সমস্ত উৎসাহ ও প্রাণ কীভাবে কাদা ঢাকা পড়ে যাবে?

ক. ঘুমিয়ে পড়লে　খ. জেগে ঘুমালে

গ. কুম্ভকর্ণের মতো নিদ্রায় থাকলে　ঘ. পলি পড়ে

৯। উপেন জমিদারের কাছে ভিক্ষা হিসেবে কী চেয়েছিল?

ক. দুটি আম　খ. কিছু আম

গ. গোটা কয়েক আম　ঘ. দুটি কলা

১০। 'নিলাজ কুলটা ভূমি'-এখানে নিলাজ কুলটা কে?

ক. রাজা　খ. উপেন　গ. জন্মভূমি　ঘ. মালি

১১। জমিদার দরিদ্র কৃষক উপেনের জমি দখল করতে চায়-

ক. বাগান বাড়ানোর জন্য　খ. নতুন খেত তৈরির জন্য

গ. বাজার বসানোর জন্য　ঘ. বাড়ি বানানোর জন্য

১২। 'দুই বিঘা জমি' কবিতায় ফুটে উঠেছে-

ক. জীবনের সংকট　খ. জীবনের বেদনা

গ. জীবনের লেনদেন　ঘ. জীবনের আত্মগ্লানি

১৩। "জন্মিলে মরিতে হবে অমর কে কোথা কবে?" -এ উক্তিটিতে প্রকাশ পেয়েছে-

i. মানুষ মরণশীল　ii. জীবন ক্ষণস্থায়ী

iii. প্রবাসীরা হয় যশস্বী

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　খ. i ও iii

গ. ii ও iii　ঘ. i , ii ও iii

১৪। কবি মাতৃভূমির স্মৃতিপটে কেমন করে ফুটে থাকতে চান?

ক. পদ্মফুলের মতো　খ. গোলাপের মতো

গ. দেশপ্রেমিকের মতো　ঘ. যোদ্ধার মতো

১৫। মাইকেল মধুসূদন দত্ত রচিত মহাকাব্য কোনটি?

ক. পদ্মাবতী　খ. কৃষ্ণকুমারী

গ. বীরাঙ্গনা　ঘ. মেঘনাদবধ কাব্য

১৬। 'বীরাঙ্গনা' মাইকেল মধুসূদন দত্তের কী জাতীয় রচনা?

ক. পত্রকাব্য　খ. মহাকাব্য

গ. প্রহসন　ঘ. নাটক

১৭। বক্তৃতা ও সংলাপের জন্য কোন ভাষা বেশি ব্যবহৃত হয়?

ক. সাধু ভাষা　খ. চলিত ভাষা　গ. আঞ্চলিক ভাষা　ঘ. উপভাষা

১৮। সাধু ভাষায় কোন শব্দের প্রাধান্য বেশি?

ক. তৎসম　খ. বিদেশি　গ. দেশি　ঘ. তদ্ভব

১৯। চলিত ভাষার বৈশিষ্ট্য কোনটি?

ক. ক্রিয়াপদের পূর্ণরূপ　খ. তদ্ভব শব্দবহুল

গ. তৎসম শব্দবহুল　ঘ. গুরুগম্ভীর

২০। ভাষার প্রাণ কী?

ক. অর্থপূর্ণ ধ্বনি　খ. অর্থপূর্ণ শব্দ　গ. অর্থপূর্ণ বর্ণ　ঘ. অর্থপূর্ণ বাক্য

২১। ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী গঠিত হয়?

ক. বর্ণ　খ. অর্থ　গ. শব্দ　ঘ. বাক্য

২২। একাধিক শব্দের সমন্বয়ে অর্থের ধারাবাহিকতায় কী তৈরি হয়?

ক. বর্ণমালা খ. শব্দমালা গ. ভাষা ঘ. বাক্য

২৩। মাতৃভাষার বিবেচনায় সারাবিশ্বে বাংলা ভাষার স্থান কত ?

ক. প্রথম খ. দ্বিতীয় গ. তৃতীয় ঘ. চতুর্থ

২৪। আসাম রাজ্যের বরাক উপত্যকার অন্যতম প্রশাসনিক ভাষা কী ?

ক. অসমিয়া খ. মৈথিলী গ. প্রাকৃত ঘ. বাংলা

২৫। রাষ্ট্রীয় কাজে ব্যবহারের জন্য কোনো দেশের সংবিধানস্বীকৃত ভাষাকে কী বলে ?

ক. মাতৃভাষা খ. রাষ্ট্রভাষা গ. দ্বিতীয় ভাষা ঘ. আঞ্চলিক ভাষা

২৬। কোনো ভাষা লিখতে যেসব ধ্বনি-দ্যোতক সংকেত বা চিহ্ন ব্যবহৃত হয় তাকে কী বলে ?

ক. বর্ণ খ. শব্দ গ. বাক্য ঘ. অক্ষর

২৭। বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি ?

ক. ৫টি খ. ৬টি গ. ৭টি ঘ. ৭টি

২৮। বাংলা বর্ণমালায় ব্যঞ্জনবর্ণের সংখ্যা কতটি?

ক. ১১টি খ. ১৩টি গ. ৩৯টি ঘ. ৪৯টি

২৯। সন্ধিজাত শব্দে যুক্ত ‘ব’ ফলায় ‘ব’ এর উচ্চারণ কী হয় ?

ক. দ্বিত্ব উচ্চারণ হয় খ. অতিরিক্ত ঝোঁক পড়ে

গ. ব-এর উচ্চারণ বজায় থাকে ঘ. নাসিক্যস্বর হয়

৩০। পদের মধ্যে বা শেষে ‘ম’ ফলা যুক্ত হলে এর উচ্চারণ কী হয় ?

ক. অনুচ্চারিত থাকে খ. উচ্চারণে ঝোঁক পড়ে

গ. উচ্চারন বজায় থাকে ঘ. উচ্চারণ দ্বিত্ব হয়

**নিচের উদ্দীপকদ্বয় পড়ে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লেখো :**

১। দৈনিক প্রথম আলোর খবর: ‘রংপুরের মিঠামইনে সোনার মোহর নিয়ে শ্রমিক উধাও। ঘটনায় প্রকাশ, স্থানীয় দেবাশীষ চক্রবর্তী তার পুরোনো পুকুরটি সংস্কার করতে কিছু শ্রমিককে কাজ দেয়। কয়েক দিন ধরে তারা পুকুরটি খনন করছিল। হঠাৎ একদিন পুকুরের নিচ থেকে একটি মাটির কলসি বের হয়। যার মধ্যে ছিল প্রচুর সোনার মোহর। শ্রমিকেরা এ ঘটনা মালিককে না জানিয়ে নিজেরা ভাগাভাগি করে মোহরগুলো নিয়ে পালিয়ে যায়। পরে ঘটনা জানাজানি হলে দেবাশীষ স্থানীয় পুলিশ প্রশাসনকে খবর দেয় এবং শ্রমিকদের ধরে এনে মোহরগুলো উদ্ধারে সাহায্য করে।’

ক. বাদলের গুপ্ত মিটিং কোথায় হলো ? ১

খ. ‘ও বড় হলে উকিল হবে’-বিধু সম্পর্কে সকলের এমন ভাবনার কারণ ব্যাখ্যা করো । ২

গ. উদ্দীপকের শ্রমিকদের কর্মকাণ্ডে ‘পড়ে পাওয়া’ গল্পের যে বৈসাদৃশ্যপূর্ণ দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. “উদ্দীপকের দেবাশীষ চক্রবর্তী ‘পড়ে পাওয়া’ গল্পের গল্পকথকের সার্থক প্রতিনিধি”-মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২। সার্থক জনম আমার,

জন্মেছি এই দেশে

সার্থক জনম মাগো, তোমায় ভালোবেসে।

জানিনে তোর ধন-রতন, আছে কিনা রানির মতন,

শুধু জানি, আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।

কোন বনেতে জানিনে ফুল, গন্ধে এমন করে আকুল,

কোন গগনে ওঠেরে চাঁদ এমন হাসি হেসে।

আঁখি মেলে তোমার আলো, প্রথম আমার চোখ জুড়ালো,

ওই আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে।

ক) ‘মানস’ শব্দের অর্থ কী? ১

খ) ‘অমর করিয়া বর দেহ দাসে , সুবরদে ।’-কবি এ কথা বলেছেন কেন? ২

গ) উদ্দীপকে ‘বঙ্গভূমির প্রতি’ কবিতার যে বৈসাদৃশ্য ফুটে উঠেছে, তা ব্যাখ্যা করো। ৩

ঘ) “চেতনাগত দিক থেকে উদ্দীপকের কবিতা এবং ‘বঙ্গভূমির প্রতি’ কবিতা এক ও অভিন্ন।”-উক্তিটি বিশ্লেষণ করো। ৪